

**এসএসসি পরীক্ষা  
এমপিও বাতিল  
বহিষ্কৃত ৪২  
শিক্ষকের**

১০/৩০  
২৪

মোশতাক আহমেদ ৪ সীদা সমাও  
এসএসসি পরীক্ষায় নকলসহ নানা  
অনিয়মের দায়ে বহিষ্কৃত দেশের ৪২  
বেসরকারী শিক্ষকের এমপিও বাতিল করা  
হয়েছে। পরীক্ষায় বহুতা আনার লক্ষে  
শিক্ষা মন্ত্রণালয় বেসরকারী স্কুল, মাদ্রাসা  
এবং কারিগরি প্রতিষ্ঠানের এসব দেশী  
শিক্ষকদের এমপিও বাতিলের সিদ্ধান্ত নিয়ে  
(২- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

**এমপিও বাতিল**

(প্রথম পাতার পর)

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দফতরে চিঠি পাঠিয়ে দিয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্ভরযোগ্য সূত্রে এ খবর জানা গেছে। নাম প্রকাশে অনিচ্ছুক শিক্ষা মন্ত্রণালয়ের এক কর্মকর্তা বিষয়টি খীকার করে বলেছেন, এর ফলে পরীক্ষায় শিক্ষকরা নকল ও অনিয়মের ঘটনা ঘটাবে না বলে আশা করা যাচ্ছে। সূত্রমতে চলতি এইচএসসি পরীক্ষায় যেসব শিক্ষককে নকলের দায়ে বহিষ্কার করা হয়েছে এবং করা হবে তাদের এমপিও বাতিল করা হবে।

গত ৮ মার্চ শুরু হয়েছিল এসএসসি, দাখিল ও এসএসসি ভোকেশনাল পরীক্ষা। মাদ্রাসা ও কারিগরি বোর্ডসহ দেশের সাতটি শিক্ষা বোর্ডের অধীনে শান্তিপূর্ণ পরিবেশে এই পরীক্ষা শেষ হয়। পরীক্ষায় শিক্ষার্থীদের নকলের মাত্রা কমে গেলেও এই পরীক্ষায় শিক্ষকদের নকলে সহযোগিতাসহ অনিয়মের বেশ কিছু ঘটনা ঘটে। পরীক্ষায় শিক্ষার্থীদের বহিষ্কারের হিসেব সামান্য হলেও শিক্ষকদের বহিষ্কারের হিসেব ছিল চোখে পড়ার মতো। যে শিক্ষকদের দায়িত্ব হলো পরীক্ষায় নকলসহ যেকোন অনিয়ম করতে না দেয়া, সেখানে এই শিক্ষকের অনেকেই নকলে যেমন সহযোগিতা করেন, তেমনি করেছেন নানা অনিয়ম। এসব কারণে এবারের এসএসসি পরীক্ষায় প্রায় অর্ধশত শিক্ষককে বহিষ্কার এবং কয়েকজনকে পুলিশেও সোপর্দ করা হয়।

গোঁজ নিয়ে জানা গেছে, নকলে সহযোগিতার পশাপাশি নানা অনিয়মের মধ্যে রয়েছে নিয়মের বাইরে নির্বাচনী পরীক্ষায় অন্তর্ভুক্তদের পরীক্ষার সুযোগ করে দেয়া, পরীক্ষার সময় বাইরে খাতা লিখিয়ে জমা দেয়ার নানা ঘটনা। এবারের এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে নিয়মের বাইরে নির্বাচনী পরীক্ষায় অন্তর্ভুক্ত শিক্ষার্থীদের পরীক্ষা দিতে

সুযোগ করে দেয়ার অভিযোগে কিশোরগঞ্জের কুলিয়ারচর উপজেলার ছয়সূতির নওগাঁ আবুল কাশেম উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কাশেমকে আটক করে থানায় সোপর্দ করা হয়। বাইরে খাতা লিখিয়ে জমা দেয়ার ঘটনা ধরা পড়ায় মীলফামারীতে বেশ কয়েকজনকে হেফতারও করা হয়। একাতীয় ঘটনা দেশের বিভিন্ন জায়গায় হয় বলে অভিযোগ রয়েছে।

সূত্রমতে, পাবলিক পরীক্ষায় নকল বন্ধ করার জন্যই নির্দেশীয় তত্ত্বাবধায়ক সরকার সদস্য সমাও এসএসসি পরীক্ষায় বহিষ্কৃত ৪২ বেসরকারী শিক্ষকের এমপিও বাতিল করার সিদ্ধান্ত নেয়। গুণ্ড বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের ডেপুটি সচিব (স্কুলের দায়িত্বে) মোঃ রইছউদ্দিনের থাকার করা এক প্রজ্ঞাপনে এই সিদ্ধান্ত নেয়া হয়। সরকারী এই আদেশ সংশ্লিষ্ট দফতরবেও পাঠিয়ে দেয়া হয়েছে বলে জানা গেছে।

শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রমতে, শুধু এসএসসিতেই নয় গত ১০ মে থেকে শুরু হওয়া চলতি এইচএসসি, আলীম, ফাজিল-কামিল এবং এইচএসসি বিএম পরীক্ষায় যেসব শিক্ষক নকল কিংবা অন্যান্য অনিয়মের দায়ে বহিষ্কৃত হয়েছেন এবং হবেন তাঁদেরও এমপিও বাতিল করা হবে। এইচএসসি পরীক্ষা শুক্রবারে শিক্ষা উপদেষ্টা জাইয়ুব কাদরীও সাংবাদিকদের বলেছিলেন, পরীক্ষায় যেসব শিক্ষক নকলে সহযোগিতা করবেন তাঁদের এমপিও স্থগিত করা হবে। একই সঙ্গে প্রাতিষ্ঠানিক অ্যাকশন নেয়ার জন্য প্রতিষ্ঠানকে নির্দেশ দেয়া হবে। প্রতিষ্ঠান যদি পড়িমসি করে তবে পুরো প্রতিষ্ঠানের বিরুদ্ধেই অ্যাকশন নেয়া হবে।

সূত্রমতে পরীক্ষায় নকল একেবারেই বন্ধ করার উদ্দেশ্যে এই ধরনের কঠোর সিদ্ধান্ত নেয়া হচ্ছে। কারণ এসব শান্তিপূর্ণ ব্যবস্থার কারণে অন্যরা আর এই ধরনের পহিত কার্য করবে না বলে শিক্ষা মন্ত্রণালয় আশা করছে।